

বিকেএসপি'তে প্রিফেক্টদের ব্যাজ ও বেল্ট প্রদান অনুষ্ঠান

আজ (১০ জুলাই, ২০১৯) সকালে বিকেএসপির অডিও ভিজুয়াল সেন্টারে বিকেএসপি'র দ্বাদশ শ্রেণির প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে নির্বাচিত প্রিফেক্টদের ব্যাজ ও বেল্ট প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি। স্বাগত বক্তব্য ও প্রিফেক্টদের শপথ বাক্য পাঠ করান কলেজের অধ্যক্ষ লে কর্নেল মো: শাহরিয়ার কবীর, পিএসসি। মহাপরিচালক ২৮ জন প্রিফেক্টদেরকে ব্যাজ ও বেল্ট পরিবেশন করেন। কলেজের অধ্যক্ষ এসময় মহাপরিচালক মহোদয়কে সহযোগিতা করেন। প্রধান অতিথি তার বক্তব্যে অনুষ্ঠানটিকে এক নতুন অধ্যায়ের সূচনা বলে আখ্যায়িত করেন। তিনি নবীন প্রিফেক্টদেরকে নেতৃত্ব চর্চায় এগিয়ে আসার আহ্বান জানান। মহাপরিচালক প্রিফেক্টদের বিনয়ী, সততা, একাগ্রতা ও শৃঙ্খলার সাথে দায়িত্ব পালনের উপর গুরুত্বারোপ করেন। একই সাথে তিনি প্রিফেক্টদের দায়িত্ব পালনে অবহেলা বা শৃঙ্খলা ভঙ্গে শাস্তিমূলক ব্যবস্থার কথা স্মরণ করিয়ে দেন। তিনি এ অনুষ্ঠান থেকে অনুজদের শিক্ষা নেয়ারও পরামর্শ দেন। অনুষ্ঠানে বিকেএসপি'র সকল উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষক, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

দায়িত্বপ্রাপ্ত প্রিফেক্টদের তালিকা নিম্নে দেয়া হলো:

নং	পদবী	নাম	ক্যাডেট নং
১	কলেজ প্রিফেক্ট	সাকিব মাহমুদ অভি	হকি-৩৪২
২	সহ: কলেজ প্রিফেক্ট	সজিব কুমার দাস	বাস্কেট-১৩২
৩	সহ: কলেজ প্রিফেক্ট	নূর আক্তার বাবু	জিম-১১৭
৪	হাউস প্রিফেক্ট-১নং ছাত্র হাউস	মো. আল আমিন মিয়া	হকি-৩২০
৫	সহ: হাউস প্রিফেক্ট-১নং ছাত্র হাউস	মো. নাছিম হোসেন	সাঁতার-১৯১
৬	হাউস প্রিফেক্ট-২নং ছাত্র হাউস	মো. সোহেল রানা	অ্যাথ-১৮৪
৭	সহ: হাউস প্রিফেক্ট-২নং ছাত্র হাউস	রনি কুমার	ফু-৫৩২
৮	হাউস প্রিফেক্ট-৩নং ছাত্র হাউস	রায়হানুল করিম	ভায়কো-২০
৯	সহ: হাউস প্রিফেক্ট-৩নং ছাত্র হাউস	সিফাত সাদিক খান	ক্রি-৬৮৯
১০	হাউস প্রিফেক্ট-৪নং ছাত্র হাউস	মো. আল-আমিন	জিম-১৩৩
১১	সহ: হাউস প্রিফেক্ট-৪নং ছাত্র হাউস	মো. নূর হোসাইন	উশু-১৪
১২	হাউস প্রিফেক্ট-৫নং ছাত্র হাউস	মো. জামিউল খান	শ্যু-১২২
১৩	সহ: হাউস প্রিফেক্ট-৫নং ছাত্র হাউস	মেহেদী হাসান রনি	ক্রি-৫১১৫
১৪	হাউস প্রিফেক্ট-৬নং ছাত্র হাউস	তাহমিদা তাবাহুদুমা	জুডো-২০
১৫	সহ: হাউস প্রিফেক্ট-৬নং ছাত্র হাউস	হেলটি চাকমা	জিম-১২৩
১৬	কলেজ ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	মুফতাইন আহমেদ সাকিব	বা-১২৯
১৭	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	দেবানীশ কুমার সরকার	হকি-৩১৫
১৮	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	হাজাতুল ইসলাম	ক্রি-৭২২
১৯	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	এসএম তানভীর	ক্রি-৭০১
২০	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	জুলফিকার নাদিম জিহান	অ্যাথ-২০০
২১	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	আরাকাত এনায়েত	কারাতে-১৬
২২	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	ফাহাদ আহমেদ অয়ন	ক্রি-৫১১৬
২৩	ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	আইতী আক্তার	অ্যাথ-১৮৩
২৪	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	মোসা: হুমায়রা	আর-২৯
২৫	সহ: ডাইনিং প্রিফেক্ট-ছাত্র হোস্টেল	হীরামনি	আর-৫১৪৮
২৬	কালচারাল প্রিফেক্ট	নাহিয়ান রহমান	শ্যু-১৩২
২৭	সহ: কালচারাল প্রিফেক্ট	তামিম বিন জাহিদ	টে-১৪২
২৮	সহ: কালচারাল প্রিফেক্ট	ড খুই ফ্র মারমা	সাঁ-১৭৯

